বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ

সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা

নং-সিএএবি/প্র-১/নিয়োগ/২-৪৮(অংশ-১)/২০১৩/৮২ তারিখঃ ২৩/০৪/২০১৪খ্রিঃ

নিয়োগ বিজ্ঞপ্তি

বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ'র নিম্নবর্ণিত শূন্য পদ সরাসরি নিয়োগের মাধ্যমে পূরণের জন্য বাংলাদেশের প্রকৃত নাগরিক (পুরুষ/মহিলা) প্রার্থীদের নিকট হতে বর্ণিত শর্ত সাপেক্ষে দরখাস্ত আহ্বান করা যাচ্ছেঃ

ক্রমিক নং	পদের নাম	পদ সংখ্যা	বেতন স্কেল (জাঃবেঃস্কেল, ২০০৯)	বয়সসীমা	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা
১.	সহকারী প্রকৌশলী (ই/এম)	১ (এক)টি	১১০০০-৪৯০×৭-১৪৪৩০-ইবি-৫৪০×১১-২০৩৭০/-	৩০ বছরের উর্ধ্বে নহে	অনুমোদিত বিশ্ববিদ্যালয় হতে ইলেকট্রিক্যাল বা মেকানিক্যাল প্রকৌশলে স্নাতক ডিগ্রি।
২.	উপ-সহকারী প্রকৌশলী (সিভিল)	৫ (পাঁচ)টি	৮০০০-৪৫০×৭-১১১৫০-ইবি-৪৯০×১১-১৬৫৪০/-	৩০ বছরের উর্ধ্বে নহে	সিভিল প্রকৌশলে ডিপ্লোমা।
৩.	উপ-সহকারী প্রকৌশলী (ই/এম)	১ (এক)টি	৮০০০-৪৫০×৭-১১১৫০-ইবি-৪৯০×১১-১৬৫৪০/-	৩০ বছরের উর্ধ্বে নহে	বিদ্যুৎ অথবা মেকানিক্যাল প্রকৌশলে ডিপ্লোমা।

০২। আবেদনপত্রের ছক ও প্রবেশপত্রের ছক বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ'র ওয়েবসাইট www.caab.gov.bd হতে সংগ্রহ করে অবশ্যই স্বহস্তে পূরণ করতে হবে।

০৩। আবেদনপত্রের সাথে নিম্নবর্ণিত কাগজপত্র সংযুক্ত করতে হবেঃ

(ক) সম্প্রতি তোলা ৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত রঙিন ছবি। এক কপি ছবি আবেদনপত্রের সাথে স্টাপলিং করতে হবে এবং দুই কপি ছবি প্রবেশপত্রের নির্দিষ্ট স্থানে আঠা দিয়ে লাগাতে হবে।

(খ) বাংলাদেশের যে কোন তফসিলি ব্যাংক হতে কর্তৃপক্ষ'র চেয়ারম্যান এর অনুকূলে (অফেরতযোগ্য) ৫০০/- (পাঁচশত) টাকা মূল্যের ব্যাংক ড্রাফট/পে-অর্ডার।

(গ) প্রবেশপত্রের পূরণকৃত ছক।

(ঘ) শিক্ষাগত যোগ্যতা সংক্রান্ত সকল সনদপত্র এবং নম্বরপত্র/ট্রান্সক্রিপ্ট এর সত্যায়িত কপি।

(ঙ) নিজ জেলার সমর্থনে ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রদত্ত জাতীয়তা সনদপত্রের সত্যায়িত কপি।

(চ) সরকারি/আধা-সরকারি/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানের প্রথম শ্রেণীর কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র।

(ছ) বিশেষ কোটা অর্থাৎ মুক্তিযোদ্ধার সন্তান, এতিম, প্রতিবন্ধী, উপজাতীয় এবং আনসার ও গ্রাম প্রতিরক্ষা সদস্য প্রার্থীদের নিম্নবর্ণিত সনদপত্রসহ আবেদনপত্র দাখিল করতে হবেঃ

(i) মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধা এর পুত্র/কন্যা, পুত্র-কন্যা না থাকলে পুত্র-কন্যার পুত্র-কন্যা হিসাবে চাকুরী প্রার্থীকে আবেদনপত্রের সাথে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী কর্তৃক স্বাক্ষরিত ও বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদের প্রধান উপদেষ্টা মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক প্রতিস্বাক্ষরিত মূল সনদপত্রের সত্যায়িত কপি অথবা মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের সচিব কর্তৃক স্বাক্ষরিত এবং মাননীয় মন্ত্রী কর্তৃক প্রতিস্বাক্ষরিত সাময়িক সনদপত্রের সত্যায়িত কপি।

(ii) আবেদনকারী মহিলা মুক্তিযোদ্ধার সন্তান হলে আবেদনকারী যে মহিলা মুক্তিযোদ্ধার সন্তান এ মর্মে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রদত্ত সনদপত্রের সত্যায়িত কপি। এরূপ সনদপত্র ব্যতীত অন্য কোন সনদপত্র মুক্তিযোদ্ধা সনদপত্র হিসাবে গণ্য হবে না।

(iii) মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধা এর পুত্র/কন্যার পুত্র-কন্যা সনাক্তকরণের নিমিত্তে স্ব-স্ব এলাকার ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্র।

(iv) উপজাতীয় প্রার্থীর ক্ষেত্রে সংশ্লিষ্ট জেলা প্রশাসক কর্তৃক প্রদত্ত সনদ, আনসার ও গ্রাম প্রতিরক্ষা প্রার্থীর ক্ষেত্রে মহাপরিচালক, আনসার ও গ্রাম প্রতিরক্ষা অধিদপ্তর কর্তৃক প্রদত্ত সনদ এবং এতিম/প্রতিবন্ধী প্রার্থীর ক্ষেত্রে সর্বশেষ নীতিমালা অনুযায়ী উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদপত্রের সত্যায়িত কপি।

০৪। আবেদনপত্র ও প্রবেশপত্র সংযুক্ত সকল কাগজপত্র A4 সাইজের হতে হবে এবং ৯.৫"x১২.৫" সাইজের খাম ব্যবহার করতে হবে।

০৫। ত্রুটিপূর্ণ বা অসম্পূর্ণ, নির্ধারিত সময়ের পর প্রাপ্ত দরখাস্ত এবং যাচিত কাগজপত্রাদি প্রদান করা না হলে আবেদনপত্র বাতিল মর্মে গণ্য করা হবে।

০৬। প্রার্থীর বয়সের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নয়। প্রার্থীর বয়স ২৯/০৫/২০১৪ তারিখে উল্লেখিত সীমার মধ্যে থাকতে হবে। তবে মুক্তিযোদ্ধা সন্তানদের কোটায় আবেদনকারীর সর্বোচ্চ বয়স ৩২ (বত্রিশ) বছরের অধিক হবে না।

০৭। **সকল প্রকার সত্যায়নে সত্যায়নকারী সরকারি/আধা-সরকারি/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানের প্রথম শ্রেণীর কর্মকর্তা হতে হবে এবং সত্যায়নকারীর নাম, পদবী ও কর্মরত প্রতিষ্ঠানের টিকানাসহ সীলমোহর অবশ্যই থাকতে হবে।**

০৮। চাকুরীরত প্রার্থীদেরকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে এবং এক্ষেত্রে আবেদনের কোন অগ্রিম কপি গ্রহণযোগ্য হবে না।

০৯। আবেদনপত্র আগামী ২৯/০৫/২০১৪ তারিখ বিকাল ৫.০০ ঘটিকার মধ্যে চেয়ারম্যান, বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ, সদর দপ্তর, কুর্মিটোলা, উত্তরা, ঢাকা-১২২৯ ঠিকানায় ডাকযোগে/কুরিয়ার সার্ভিস এর মাধ্যমে পৌছাতে হবে। আবেদনপত্র সরাসরি জমাদানের ক্ষেত্রে কর্তৃপক্ষ'র সদর দপ্তরস্থ প্রশাসন বিভাগে রক্ষিত নির্ধারিত বাক্সে নির্ধারিত সময়ের মধ্যে জমা প্রদান করতে হবে।

১০। পরীক্ষা/সাক্ষাৎকার গ্রহণের জন্য প্রার্থীদেরকে কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না। সাক্ষাৎকারের সময় প্রার্থীকে সকল সনদপত্রের মূলকপি প্রদর্শন করতে হবে।

১১। **প্রার্থীকে খামের উপরে নিজ জেলা, পদের নাম ও বিশেষ কোটার নাম (যদি থাকে) স্পষ্টাক্ষরে উল্লেখ করতে হবে।**

১২। নিয়োগের ক্ষেত্রে কোটা সংক্রান্ত সরকারি বিধি-বিধান যথাযথভাবে অনুসরণ করা হবে।

১৩। নিয়োগ সংক্রান্ত তথ্যাদি অত্র কর্তৃপক্ষের ওয়েবসাইট www.caab.gov.bd হতে জানা যাবে।

১৪। বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরখাস্ত গ্রহণ বা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন এবং এ নিয়োগের ক্ষেত্রে অত্র কর্তৃপক্ষ'র সিদ্ধান্তই চূড়ান্ত মর্মে গণ্য হবে।

জি. এম. আব্দুল কাদের
পরিচালক (প্রশাসন)
বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ
☎ ৮৯০১৪১২

সিএএবি/পিআর-১০২/২০১৪/১৪৮
তারিখঃ ২৪/৪/২০১৪খ্রিঃ
জিডি-১৭৮০

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অ্যাটর্নি জেনারেল কার্যালয়
সুপ্রীম কোর্ট এলাকা, ঢাকা

আইন বই ক্রয়ের দরপত্র বিজ্ঞপ্তি

বাংলাদেশের অ্যাটর্নি জেনারেল অফিসের লাইব্রেরীতে আইন বই সরবরাহের জন্য প্রকৃত আইন বই বিক্রেতাদের নিকট হইতে দরপত্র আহ্বান করা যাইতেছে। আইন বইগুলির বিস্তারিত বিবরণ অত্র অফিসের প্রশাসনিক শাখা হইতে সিডিউল ক্রয়ের মাধ্যমে জানা যাইবে। প্রতিটি সিডিউলের মূল্য ৫০০/- টাকা মাত্র (অফেরতযোগ্য)। এই বিজ্ঞপ্তি পত্রিকায় প্রচারিত হওয়ার পর দরপত্র খোলার পূর্বদিন পর্যন্ত অফিস চলাকালীন সময়ে নগদ মূল্যে সিডিউল ক্রয় করিতে হইবে। সকল দরপত্র আগামী ০৬-০৫-২০১৪ইং তারিখ বেলা ৩.৩০ ঘটিকার মধ্যে অত্র অফিসে রক্ষিত টেন্ডার বাক্সে দাখিল করিতে হইবে এবং ঐ দিন বেলা ৪.০০ ঘটিকায় দরপত্রদাতাদের উপস্থিতিতে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র খোলা হইবে। আর্নেস্টমানি বাবদ প্রতি আইটেমের দর মূল্যের শতকরা ৩% টাকা হারে অত্র কার্যালয়ের প্রশাসনিক কর্মকর্তার অনুকূলে ব্যাংক ড্রাফট (পে-অর্ডার) এবং হালসন নাগাদ ট্রেড লাইসেন্স ও ভ্যাট সার্টিফিকেটের সত্যায়িত অনুলিপি দরপত্রের সংগে অবশ্যই দাখিল করিতে হইবে। অন্যথায় দরপত্র গৃহীত হইবে না। আইন বইগুলি সরবরাহের আদেশ পাওয়ার তারিখ হইতে ২৮ (আটাশ) দিনের মধ্যে অবশ্যই সরবরাহ করিতে হইবে। নির্দিষ্ট সময়সীমার মধ্যে বইগুলি সরবরাহ করিতে না পারিলে উক্ত কার্যাদেশ বাতিল বলিয়া গণ্য হইবে। কর্তৃপক্ষ যে কোন দরপত্র কোন কারণ দর্শানো ব্যতিরেকে গ্রহণ/বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

মোঃ রফিকুল ইসলাম
প্রশাসনিক কর্মকর্তা

জিডি-১৮০১

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

বাংলাদেশ পুলিশ
উপ-পুলিশ কমিশনার (পরিবহন) এর কার্যালয়
ঢাকা মেট্রোপলিটন পুলিশ, ঢাকা

স্মারক নং-নথি-৪০-২০১৪/ডিসি (পরিবহন)/৪৭৭ তারিখঃ ২৭/০৪/২০১৪খ্রিঃ

নিলাম বিজ্ঞপ্তি

ঢাকা মেট্রোপলিটন পুলিশের পরিবহন বিভাগের নিম্নবর্ণিত অকেজো মালামাল নিলামে বিক্রয়ের জন্য আগ্রহী ব্যবসায়ী/ক্রেতা/নিলামকারকদের নিকট হতে সীলমোহরকৃত খামে দরপত্র আহবান করা যাচ্ছে।

ক্রমিক নং	অকেজো মালামালের বিবরণ	পরিমাণ
১।	অকেজো গাড়ির খুচরা যন্ত্রাংশ	২০০০ কেজি
২।	পুরাতন ষ্টিল বাম্পার ২০টির বিভিন্ন অংশ	২০০ কেজি
৩।	অকেজো গ্যাস সিলিন্ডার ৩৫টির বিভিন্ন অংশ	২৪০০ কেজি
৪।	গাড়ির হুট বিভিন্ন সাইজ	২০টি
৫।	স্পীড বোডের পুরাতন ০৯টি ইঞ্জিনের অকেজো যন্ত্রাংশ	১৬০ কেজি
৬।	ওয়েল্ডিং স্ক্র্যাপ	৪০০ কেজি
৭।	লুব্রিকেটিং ওয়েল (ব্যবহৃত পোড়া মবিল)	১২০০ লিটার
৮।	বিভিন্ন মডেলের ১০টি ইঞ্জিনের অকেজো যন্ত্রাংশ	১০০ কেজি
৯।	গাড়ির টায়ার পুরাতন বিভিন্ন সাইজ	৩৫০টি
১০।	মোটর সাইকেল টায়ার পুরাতন বিভিন্ন সাইজ	১০০টি
১১।	মোটর সাইকেলের টিউব বিভিন্ন সাইজ	৫০টি

দরপত্র সিডিউল আগামী ১৪-০৫-২০১৪খ্রিঃ তারিখ পর্যন্ত সকল কর্মদিবসে অফিস চলাকালীন সময়ে ১,০০০/- (এক হাজার) টাকা মাত্র (অফেরতযোগ্য) মূল্য প্রদানপূর্বক উপযুক্ত প্রমাণাদি যেমন, নবায়নকৃত সিটি কর্পোরেশন সার্টিফিকেট/পৌরসভার ট্রেড লাইসেন্স, হালনাগাদ আয়কর ও ভ্যাট পরিশোধের সার্টিফিকেট, ব্যাংক সলভেন্সি সার্টিফিকেট দেখানো সাপেক্ষে পরিবহন বিভাগ, ডিএমপি, ঢাকা'র কার্যালয় হতে সংগ্রহ করা যাবে এবং আগ্রহী দরপত্রদাতাদের পরিদর্শনের জন্য স্ক্যাপ মালামাল প্রস্তুত থাকবে।

দরপত্রদাতাদেরকে পুলিশ কমিশনার, ডিএমপি, ঢাকা'র বরাবরে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার এর মাধ্যমে উদ্ধৃত দরের ১০% (শতকরা দশ ভাগ) দরপত্র দাখিলের সময় জমা দিতে হবে। সফল দরপত্রদাতার নিরাপত্তা জামানত স্ক্যাপ মালামালের সম্পূর্ণ মূল্য পরিশোধ/হস্তান্তর হওয়ার পর ফেরত দেয়া হবে।

দরপত্র পরিবহন বিভাগ, ডিএমপি, ঢাকা এর কার্যালয়ে রক্ষিত টেন্ডার বক্সে আগামী ১৫-০৫-২০১৪খ্রিঃ তারিখ ১২:০০ ঘটিকার মধ্যে ফেলতে হবে। দরপত্র ঐ দিনই বেলা ১৩:০০ ঘটিকায় উপস্থিত দরপত্রদাতা অথবা তাদের প্রতিনিধিদের (যদি কেহ উপস্থিত থাকেন) সম্মুখে খোলা হবে। সর্বোচ্চ দরদাতা ব্যক্তি/প্রতিষ্ঠানকে দরপত্র গৃহীত হওয়ার ০৭(সাত) দিনের মধ্যে গৃহীত দরের উপর বিধি মোতাবেক আয়কর ও ভ্যাটসহ মোট টাকা জমা দিয়ে সমস্ত মালামাল বুঝে নিতে হবে। কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র আংশিক বা সম্পূর্ণ গ্রহণ বা বাতিলের ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করে। সিডিউল ক্রয়ের রশিদ অবশ্যই দরপত্রের সাথে সংযুক্ত করে দিতে হবে অন্যথায় দরপত্র বাতিল বলে গণ্য করা হবে।

মোঃ মাইনুল হাসান পিপিএম
আইডি নং-বিপি-৬৮৯৮০০৮১৯৯
উপ পুলিশ কমিশনার (পরিবহন)
ঢাকা মেট্রোপলিটন পুলিশ, ঢাকা
ফোন-৯৩৫০২৭৪, ফ্যাক্স-৯৩৩১৩৩৪
E-mail : dcmt@dmp.gov.bd

জিডি-১৭৯৬

বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ

সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা
www.caab.gov.bd

নং-সিএএবি/প্র-১/নিয়োগ/২-৪০/২০১২/৮৫ তারিখঃ ২৪-০৪-২০১৪খ্রিঃ

নিয়োগ বিজ্ঞপ্তি

মহামান্য সুপ্রীম কোর্টের হাইকোর্ট ও আপীল বিভাগ, প্রশাসনিক ট্রাইব্যুনাল এবং প্রশাসনিক আপীলেট ট্রাইব্যুনালে বিচারাধীন বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষের স্বার্থসংশ্লিষ্ট মামলাসমূহ পরিচালনার জন্য প্যানেল আইনজীবী নিয়োগের নিমিত্ত নিম্নবর্ণিত যোগ্যতা ও অভিজ্ঞতাসম্পন্ন আগ্রহী আইনজীবীগণের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছেঃ

যোগ্যতা ও অভিজ্ঞতা ঃ

(ক) আইন পেশায় কমপক্ষে ১৫ বছরের অভিজ্ঞতা থাকতে হবে।

(খ) সুপ্রীম কোর্টের হাইকোর্ট বিভাগে মামলা পরিচালনায় কমপক্ষে ১০ বছরের অভিজ্ঞতা থাকতে হবে।

(গ) প্রার্থীর অবশ্যই নিজস্ব চেম্বার থাকতে হবে।

(ঘ) সুস্বাস্থ্যের অধিকারী হতে হবে এবং কর্তৃপক্ষের প্রয়োজনে ও নির্দেশনা অনুযায়ী আইনগত কার্যক্রম গ্রহণের জন্য ঢাকার বাইরে যাওয়ার জন্যও প্রস্তুত থাকতে হবে।

(ঙ) আবেদনকারীর বয়স অবশ্যই অনধিক ৬০ (ষাট) বছর হতে হবে।

অন্যান্য শর্তাবলীঃ

১। আবেদনকারীকে অবশ্যই বাংলাদেশের নাগরিক হতে হবে।

২। প্যানেল আইনজীবী হিসেবে তিনি অস্থায়ীভাবে ১ (এক) বছরের জন্য নিযুক্ত হবেন। সন্তোষজনক কাজের মূল্যায়নের ভিত্তিতে উক্ত নিয়োগের মেয়াদ বছরভিত্তিক নবায়ন করা হতে পারে।

৩। প্যানেল আইনজীবী হিসেবে নিয়োগের পর বিভিন্ন আদালতে মামলা পরিচালনার ক্ষেত্রে তাঁকে কর্তৃপক্ষের নির্ধারিত হার/ফি অনুযায়ী প্রাপ্য বিল পরিশোধ করা হবে। এর অতিরিক্ত কোন অর্থ দেয়া হবে না।

৪। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকেই প্যানেল আইনজীবীর কর্ম অবসান বা অব্যাহতি প্রদান করতে পারবেন। এরূপ ক্ষেত্রে তিনি কোন প্রকার আর্থিক ক্ষতিপূরণ প্রাপ্য হবেন না।

৫। আগ্রহী প্রার্থীদের সাদা কাগজে লিখিত আবেদনপত্রে নিম্নবর্ণিত তথ্যাদি অবশ্যই থাকতে হবেঃ

(ক) নাম (খ) পিতা/স্বামীর নাম (গ) মাতার নাম (ঘ) বর্তমান ঠিকানা (সেল নাম্বারসহ)
(ঙ) স্থায়ী ঠিকানা (চ) ব্যক্তিগত চেম্বারের ঠিকানা (ছ) জন্ম তারিখ (জ) ২৯/০৫/২০১৪ তারিখে বয়স
(ঝ) জাতীয়তা (ঞ) ধর্ম (ট) শিক্ষাগত যোগ্যতা (ঠ) অভিজ্ঞতা

৬। আবেদনপত্রের সঙ্গে নিম্নবর্ণিত কাগজপত্র অবশ্যই সংযুক্ত করতে হবেঃ

(ক) সম্প্রতি তোলা ৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত রঙিন ছবি।

(খ) বাংলাদেশের যে কোন তফসিলি ব্যাংক হতে কর্তৃপক্ষ'র চেয়ারম্যান এর অনুকূলে (অফেরতযোগ্য) ৫০০/- (পাঁচশত) টাকা মূল্যের ব্যাংক ড্রাফট/পে-অর্ডার।

(গ) শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা সংক্রান্ত সকল সনদপত্রের সত্যায়িত কপি।

(ঘ) নিজ জেলার সমর্থনে ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্রের সত্যায়িত কপি অথবা জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত কপি।

(ঙ) হালনাগাদ বার কাউন্সিলের এনরোলমেন্ট সনদপত্রের সত্যায়িত কপি।

৭। ত্রুটিপূর্ণ, অসম্পূর্ণ বা নির্ধারিত সময়ের পরে প্রাপ্ত আবেদনপত্র বাতিল মর্মে গণ্য করা হবে।

৮। কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত তারিখে সাক্ষাৎকারে অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

৯। আবেদনপত্র আগামী ২৯-০৫-২০১৪ তারিখ বিকাল ৫:০০ ঘটিকার মধ্যে চেয়ারম্যান, বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ, সদর দপ্তর, কুর্মিটোলা, উত্তরা, ঢাকা-১২২৯ ঠিকানায় ডাকযোগে/কুরিয়ার সার্ভিস এর মাধ্যমে পৌছাতে হবে। আবেদনপত্র সরাসরি জমাদানের ক্ষেত্রে কর্তৃপক্ষ'র সদর দপ্তরস্থ প্রশাসন বিভাগে রক্ষিত নির্ধারিত বাক্সে নির্ধারিত সময়ের মধ্যে জমা প্রদান করতে হবে।

১০। বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন আবেদনপত্র গ্রহণ বা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন এবং এ নিয়োগের ক্ষেত্রে অত্র কর্তৃপক্ষ'র সিদ্ধান্তই চূড়ান্ত মর্মে গণ্য হবে।

জিএম আব্দুল কাদের
পরিচালক (প্রশাসন)
বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ
☞ ৮৯০১৪১২

সিএএবি/পিআর-১০২/২০১৪/১৫০
তারিখ: ২৭-০৪-২০১৪খ্রিঃ
জিডি-১৭৯৯

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

বাংলাদেশ পুলিশ
অধিনায়কের কার্যালয়
৩ আর্মড পুলিশ ব্যাটালিয়ন
শিরোমনি, খুলনা

পুনঃ দরপত্র বিজ্ঞপ্তি

The Public Procurement Act-2006 and Regulation-2008 (তৃতীয় সংশোধনী ২০০৯ ও ২০১০) মোতাবেক ২০১৪-১৫ অর্থ বৎসরের জন্য ৩ আর্মড পুলিশ ব্যাটালিয়ন, খুলনার ফোর্সের টাটকা রেশন সামগ্রী ও জ্বালানি কাঠ সরবরাহ কাজে ঠিকাদার নিয়োগের লক্ষ্যে প্রকৃত বাংলাদেশী ব্যবসায়ী/সরবরাহকারী ফার্ম/প্রতিষ্ঠানের নিকট হইতে সীলমোহরকৃত খামে প্রতিযোগিতামূলক দরপত্র আহ্বান করা যাইতেছে।

ক্রঃ নং	সংগ্রাহক সত্তা ও তথ্যাদির বিবরণী	আগ্রহী দরদাতাদের জ্ঞাতব্য ও যোগ্যতার বিবরণী
১.	মন্ত্রণালয়/বিভাগ	স্বরাষ্ট্র মন্ত্রণালয়/বাংলাদেশ পুলিশ।
২.	প্রতিষ্ঠানের নাম	৩ আর্মড পুলিশ ব্যাটালিয়ন, শিরোমনি, খুলনা।
৩.	দরপত্র আহ্বানকারী প্রতিষ্ঠানের নাম	অধিনায়ক, ৩ এপিবিএন, শিরোমনি, খুলনা।
৪.	দরপত্র আহ্বানকারীর কোড নম্বর	প্রযোজ্য নহে।
৫.	দরপত্র আহ্বানকারীর জেলা	খুলনা।
৬.	যে জন্য দরপত্র আহ্বান	৩ এপিবিএন, খুলনার ফোর্সের টাটকা রেশন সামগ্রী ও জ্বালানি কাঠ সরবরাহ কাজ।
৭.	দরপত্র আহ্বানের সূত্র	পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকার স্মারক নং-রেশন/২৯-২০১৩(অংশ-২)/১৩৬৯।
৮.	তারিখ	১৫/৪/২০১৪খ্রিঃ।
৯.	সংগ্রহ পদ্ধতি	উন্মুক্ত দরপত্র পদ্ধতি (Open Tendering Method)।
১০.	বাজেট এবং তহবিলের উৎস	পুলিশ হেডকোয়ার্টার্স হইতে অর্থ বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে।
১১.	দরপত্র প্যাকেজ নং	০২/২০১৪-১৫।
১২.	দরপত্র প্যাকেজের নাম	৩ এপিবিএন, খুলনার ফোর্সের টাটকা রেশন সামগ্রী ও জ্বালানি কাঠ সরবরাহ কাজ।
১৩.	দরপত্র প্রকাশের তারিখ	০৪/৫/২০১৪খ্রিঃ তারিখের মধ্যে।
১৪.	দরপত্র সিডিউল বিক্রয়ের শেষ তারিখ ও সময়	পত্রিকায় প্রকাশের পর হইতে প্রতিদিন অফিস চলাকালীন সময় (ছুটির দিন ব্যতীত) ১৫/৫/২০১৪খ্রিঃ তারিখ ১৪.০০ ঘটিকা পর্যন্ত।
১৫.	দরপত্র দাখিলের তারিখ ও সময়	১৮/৫/২০১৪খ্রিঃ তারিখ সকাল ০৯.০০ ঘটিকা হইতে ১২.০০ ঘটিকা পর্যন্ত।
১৬.	দরপত্র খোলার তারিখ ও সময়	১৮/৫/২০১৪খ্রিঃ তারিখ ১২.৩০ ঘটিকা। দরপত্রদাতা অথবা তাহার প্রতিনিধির সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন)।
১৭.	দরপত্র বিক্রয়কারী অফিসের নাম ও ঠিকানা	অধিনায়কের কার্যালয়, ৩ আর্মড পুলিশ ব্যাটালিয়ন, শিরোমনি, খুলনা।
১৮.	দরপত্র মূল্যায়নের তারিখ ও সময়	১৯/৫/২০১৪খ্রিঃ তারিখ ১০.৩০ ঘটিকা।
১৯.	প্রাথমিক সভার স্থান, তারিখ ও সময়	প্রযোজ্য নহে।
২০.	লট নং-১ এর প্রাক যোগ্যতা	দরপত্র সিডিউল ক্রয়ের জন্য প্রতিষ্ঠানের নিজস্ব প্যাডে স্বত্বাধিকারীর স্বাক্ষরে আবেদন করিতে হইবে এবং নিম্নবর্ণিত কাগজপত্রের মূলকপি (হালনাগাদ নবায়নকৃত) অবশ্যই প্রদর্শন করিতে হইবেঃ (ক) নাগরিকত্ব সনদপত্র। (খ) বৈধ ট্রেড লাইসেন্স (২০১৩-২০১৪ অর্থ বৎসরের নবায়নকৃত)। (গ) যে কোন তফসীলভুক্ত বাণিজ্যিক ব্যাংক হইতে হালসনের আর্থিক লেনদেনের বিবরণীতে ০১ (এক) কোটি টাকার স্থিতিসহ আর্থিক স্বচ্ছলতার সনদপত্র। (ঘ) জিআইআর/টিআইএন নম্বর উল্লেখসহ ২০১৩-২০১৪ অর্থ সনের আয়কর পরিশোধের সনদপত্র। (ঙ) ভ্যাট রেজিস্ট্রেশন সনদপত্র। (চ) প্রতিষ্ঠানের মালিকানা সনদপত্র। (ছ) দরদাতা কালো তালিকাভুক্ত নহে মর্মে ঘোষণা/অঙ্গিকারনামা (১ম-শ্রেণী সরকারি কর্মকর্তা কর্তৃক প্রতিস্বাক্ষরকৃত)। (জ) প্রতিনিধির ক্ষেত্রে মালিকের ক্ষমতা অর্পণপত্র নোটারী পাবলিক কর্তৃক এফিডেভিড অথবা প্রথম শ্রেণী কর্মকর্তা কর্তৃক প্রতিস্বাক্ষরকৃত। (ঝ) সদ্য তোলা ০২ কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি। (ঞ) এপিবিএন/র‍্যাবে কাজের ক্ষেত্রে কমপক্ষে ০২ (দুই) বৎসরের বাস্তব অভিজ্ঞতার সনদপত্র এবং একই কার্যাদেশে কমপক্ষে ০১ (এক) কোটি টাকার কাজের অভিজ্ঞতার সনদপত্র ও উক্ত কাজের কার্যাদেশের মূল/সত্যায়িত কপি প্রদর্শন করিতে হইবে। (চ) সিডিউল ক্রয়ের সময় টেন্ডার সিকিউরিটির ব্যাংক ড্রাফট প্রদর্শন করিতে হইবে। প্রয়োজনে ইহার সত্যতা যাচাই করা হইবে। ইহা ছাড়াও অন্যান্য শর্তাবলী দরপত্র সিডিউলে উল্লেখ থাকিবে।
২১.	মালামাল সরবরাহের স্থান	৩ এপিবিএন, সদর দপ্তর, খুলনা

২২. লট নম্বর	লটের পরিচিতি	সংস্থা	সিডিউলের মূল্য (অফেরতযোগ্য)	দরপত্র নিরাপত্তা জামানতের পরিমাণ	কাজের সময়কাল
২৩. লট নং-১	৩ এপিবিএন, খুলনার ফোর্সের টাটকা রেশন সামগ্রী ও জ্বালানি কাঠ সরবরাহ।	৩ আর্মড পুলিশ ব্যাটালিয়ন, খুলনা	১,০০০/-	৫,৫০,০০০/- (পাঁচ লক্ষ পঞ্চাশ হাজার) টাকা	২০১৪-১৫ অর্থ বৎসর

২৪.	দরপত্র আহ্বানকারীর নাম	মোহাম্মদ হারুন-অর-রশিদ।
২৫.	দরপত্র আহ্বানকারীর পদবী	অধিনায়ক (পুলিশ সুপার)।
২৬.	দরপত্র আহ্বানকারীর অফিসের ঠিকানা	অধিনায়কের কার্যালয়, ৩ এপিবিএন, শিরোমনি, খুলনা।
২৭.	দরপত্র আহ্বানকারী কর্মকর্তার সহিত যোগাযোগের মাধ্যম	ফোন-০৪১-৭৮৫৪২২, মোবাইল-০১৭১৩-৩৭৪৪৬২ ও ফ্যাক্স-০৪১-৭৮৫২৮৪।

বিশেষ জ্ঞাতব্যঃ

০১। দরপত্র ক্রয়ের আবেদনপত্রের সহিত অধিনায়ক ৩ এপিবিএন, শিরোমনি, খুলনার অনুকূলে বর্ণিত দরপত্র জামানতের টাকার ব্যাংক ড্রাফট/পে-অর্ডার প্রদর্শন করিতে হইবে।

০২। দরপত্রের সকল কার্যক্রম The Public Procurement Act-2006 এবং Regulation-2008 ও সংশোধিত 2009 ও ২০১০ মোতাবেক পরিচালিত হইবে।

০৩। অত্র বিজ্ঞপ্তিটি CPTU এর ওয়েবসাইট (www.cptu.gov.bd) পাওয়া যাবে।

০৪। কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ বা বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন। দরপত্র কমিটি সর্বনিম্ন দরদাতার দরপত্র গ্রহণে বাধ্য নহেন।

মোহাম্মদ হারুন-অর-রশিদ
বিপি ৭৩০১০৬৮০৯৬
অধিনায়ক (পুলিশ সুপার)
৩ আর্মড পুলিশ ব্যাটালিয়ন
শিরোমনি, খুলনা

জিডি-১৭৮৫

Office of the Executive Engineer

Engineering Division, Zone-5, (Karwan Bazar)
Dhaka North City Corporation (DNCC)
www.dncc.gov.bd

Memo No. 46.207.017.09.17.06.2014 Date: 22/04/2014

Invitation for Tender

1.